

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর  
জাতীয় ক্রীড়া পরিষদ (এনএসসি) ভবন, লেভেল ১৫-  
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০  
[www.ccie.gov.bd](http://www.ccie.gov.bd)

নং-২৬.০৩.০০০০.০০২.০৬.০১০.১৬- ৭৬৫৬,

তারিখঃ ০৩.০৬.২০১৯

অফিস আদেশ

বিষয়ঃ সেবা প্রদান সহজীকরণের লক্ষ্যে ক্ষমতা অর্পণের সংশোধনী প্রসঙ্গে।

সূত্রঃ অত্র অফিসের স্মারক নং-২৬.০৩.০০০০.০০২.০৬.০১০.১৬.৯৫০ তাং-০৮ ডিসেম্বর ২০১৬।

উপর্যুক্ত বিষয়ে সেবা প্রদান সহজীকরণের লক্ষ্যে সূত্রোক্ত স্মারকে জারীকৃত ক্ষমতা অর্পণের অফিস আদেশে নিম্নবর্ণিত সংশোধনী আনয়ন করা হলো। প্রধান কার্যালয় ও আঞ্চলিক কার্যালয়ে কর্মরত কর্মকর্তাগণ নিম্নোক্ত সংশোধনী ব্যতীত সূত্রোক্ত স্মারকের অন্যান্য নির্দেশনা যথাযথ অনুসরণ পূর্বক সংশ্লিষ্ট কর্মসম্পাদন করবেন।

১। ২ নং ক্রমিকে উল্লিখিত “শিল্প আইআরসি জারীর অনুমোদন” এর ক্ষেত্রে শুধুমাত্র ঢাকা আঞ্চলিক দপ্তর ও চট্টগ্রাম আঞ্চলিক দপ্তরের নিয়ন্ত্রক অনুমোদন প্রদান করতে পারবেন। আঞ্চলিক কার্যালয়ের ক্ষেত্রে আঞ্চলিক কার্যালয় হতে নোটাকারে প্রস্তাব উপস্থাপনের পর তা যথারীতি পূর্বের ন্যায় প্রধান নিয়ন্ত্রক দপ্তর হতে অনুমোদন প্রদান করা হবে। এক্ষেত্রে প্রধান নিয়ন্ত্রকের বদলে নিয়ন্ত্রক অনুমোদন প্রদান করতে পারবেন।

২। ১১ নং ক্রমিকে উল্লিখিত “তিন বছরের অধিক অ-নবায়িত নিবন্ধন প্রত্যয়নপত্রের নবায়নের অনুমতি (সকল ধরনের প্রত্যয়নপত্রের ক্ষেত্রে)” প্রধান কার্যালয়ের নিয়ন্ত্রক অনুমোদন প্রদান করবেন।

৩। ১২ নং ক্রমিকে উল্লিখিত “প্রতিষ্ঠানের (ক) নাম ও মালিকানা পরিবর্তন” প্রধান কার্যালয়ের নিয়ন্ত্রক অনুমোদন প্রদান করবেন।

৪। ১৯ নং ক্রমিকে “আমদানি পারমিট (সরকারি/আধা-সরকারি প্রতিষ্ঠান/প্রকল্পের ক্ষেত্রে)” প্রধান কার্যালয়ের নিয়ন্ত্রক অনুমোদন প্রদান করবেন।

৫। ২২ নং ক্রমিকে উল্লিখিত “যথাযথ বিবেচনায় ব্যাংক গ্যারান্টি ফেরত (রপ্তানি কাম আমদানি পারমিটের ক্ষেত্রে)” প্রধান কার্যালয়ের উপ-নিয়ন্ত্রক অনুমোদন প্রদান করবেন।

৬। ২৩ নং ক্রমিকে উল্লিখিত “বাণিজ্য মন্ত্রণালয় এর প্রদত্ত সিদ্ধান্ত/অনুমতির আলোকে ব্লাংকেট আমদানি পারমিট” প্রধান কার্যালয়ের নিয়ন্ত্রক অনুমোদন প্রদান করবেন।

৭। ২৪ নং ক্রমিকে উল্লিখিত “বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বানুমতিক্রমে বিমান/হেলিকপ্টার ক্রয়/লিজের মাধ্যমে আমদানির অনুমতিপত্র (বেসামরিক পরিবহন বিমান ক্রয়ের ক্ষেত্রে)” প্রধান কার্যালয়ের নিয়ন্ত্রক অনুমোদন প্রদান করবেন।

৮। ২৫ নং ক্রমিকে উল্লিখিত “বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বানুমতিক্রমে মদ জাতীয় পানীয় আমদানির অনুমতিপত্র (বার/হোটেল/রেস্টুরেন্টে ব্যবহারের ক্ষেত্রে)” প্রধান কার্যালয়ের নিয়ন্ত্রক অনুমোদন প্রদান করবেন।

৯। ২৮ নং উল্লিখিত “পূর্বানুমতিপত্রের অনুকূলে পণ্য ছাড়করণের জন্য আমদানি পারমিট (সামরিক ও বেসামরিক পর্যায়ে গোলাবারুদসহ আগ্নেয়াস্ত্রের ক্ষেত্রে)” প্রধান কার্যালয়ের নিয়ন্ত্রক অনুমোদন প্রদান করবেন।

১০। ২৯ নং ক্রমিকে উল্লিখিত “বাণিজ্য মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে রপ্তানি পারমিট (নিষিদ্ধ ও শর্তযুক্ত পণ্যের ক্ষেত্রে)” প্রধান কার্যালয়ের নিয়ন্ত্রক অনুমোদন প্রদান করবেন।


১১। ৩১ নং ক্রমিকে উল্লিখিত “গোলাবারুদসহ আগ্নেয়াস্ত্র আমদানির পূর্বানুমতিপত্র/আমদানি পারমিট(সামরিক ও বেসামরিক কর্মকর্তা/ব্যক্তির ক্ষেত্রে)” প্রধান কার্যালয়ের উপ-নিয়ন্ত্রক অনুমোদন প্রদান করবেন।

১২। ৩২ নং ক্রমিকে উল্লিখিত “আটককৃত মালামাল খালাস এর ক্লিয়ারেন্স পারমিট (সরকারি প্রকল্পসমূহের ক্ষেত্রে)” প্রধান কার্যালয়ের উপ-নিয়ন্ত্রক অনুমোদন প্রদান করবেন।

১৩। ৩৩ নং ক্রমিকে উল্লিখিত “আটককৃত মালামাল খালাস এর ক্লিয়ারেন্স পারমিট (ব্যক্তি/বেসরকারি প্রকল্পসমূহের ক্ষেত্রে)” প্রধান কার্যালয়ের উপ-নিয়ন্ত্রক অনুমোদন প্রদান করবেন।

১৪। ৪০ নং ক্রমিকে উল্লিখিত “রপ্তানি পারমিট (ড্রান সামগ্রী প্রেরণের ক্ষেত্রে)” প্রধান কার্যালয়ের নিয়ন্ত্রক অনুমোদন প্রদান করবেন।

সকল ক্ষেত্রে অনুমোদনের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা যে কোন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের প্রয়োজনে মনে করলে আইনী ব্যাখ্যা/পরামর্শ/সিদ্ধান্তের জন্যে উর্ধতন কর্মকর্তার নিকট নথি কারণ উল্লেখ প্রেরণ করতে পারবেন। আঞ্চলিক কার্যালয় প্রধানগণ এরূপ ক্ষেত্রে বিষয়টি প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন।

  
(প্রাণেশ রঞ্জন সূত্রধর)  
প্রধান নিয়ন্ত্রক

প্রাপক:- .....